

# স্কুল-কলেজের শিক্ষকদের জুন মাসের বেতন নিয়ে যা জানা গেল

অনলাইন ডেক্স



সংগ্রহীত ছবি

বেসরকারি স্কুল-কলেজের প্রায় ৪ লাখ এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীর জুন মাসের বেতন-ভাতা চলতি

সপ্তাহে ব্যাংকে পাঠানোর কথা থাকলেও তা নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে। অর্থ মন্ত্রণালয়ের

অনুমোদন এবং চিফ অ্যাকাউন্টস অফিস বেতনের অর্থ অনুমোদনে বিলম্ব করলে আগামী সপ্তাহে বেতন

পাওয়ার সম্ভাবনা রয়েছে।

রবিবার (৬ জুলাই) মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের এডুকেশন ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম  
(ইএমআইএস) সেলের কর্মকর্তারা গণমাধ্যমকে এমনটি জানিয়েছেন।

ইএমআইএস সেলের এক কর্মকর্তা জানিয়েছেন, জুন মাসের বেতনের প্রস্তাব ইতিমধ্যেই মন্ত্রণালয়ে  
পাঠানো হয়েছে।

তবে সাম্প্রাহিক ছুটি এবং আজ সরকারি ছুটি থাকায় অর্থ মন্ত্রণালয় কোনো কাজ করতে পারেনি। এর  
ফলে চলতি সম্ভাবনা বেতন ব্যাংকে পাঠানোর পরিকল্পনা কিছুটা বাধাগ্রস্ত হয়েছে।

ওই কর্মকর্তা আরো জানান, তারা চেষ্টা করছেন যাতে শিক্ষক-কর্মচারীরা আগামী বৃহস্পতিবারের মধ্যে  
বেতন-ভাতা হাতে পান। এ বিষয়ে অর্থ ও শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সঙ্গে নিয়মিত যোগাযোগ  
রাখা হচ্ছে।

উল্লেখ্য, সরকারি কর্মকর্তা-কর্মচারীরা ইএফটির (ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার) মাধ্যমে বেতন-ভাতা  
পেলেও বেসরকারি এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বেতন এত দিন আটটি রাষ্ট্রায়ন্ত ব্যাংকের মাধ্যমে  
'অ্যানালগ' পদ্ধতিতে বিতরণ করা হতো, যা শিক্ষকদের জন্য ভোগান্তির কারণ ছিল। এই ভোগান্তি  
কমাতে গত বছর ৫ অক্টোবর বিশ্ব শিক্ষক দিবসে বেসরকারি শিক্ষকদের এমপিও ইএফটিতে দেওয়ার  
ঘোষণা দেওয়া হয়। প্রাথমিকভাবে ২০৯ জন শিক্ষক-কর্মচারী গত অক্টোবর মাসের এমপিও ইএফটিতে

পান। এরপর গত ১ জানুয়ারি থেকে ১ লাখ ৮৯ হাজার শিক্ষক ইএফটির মাধ্যমে সরকারি অংশের  
বেতন-ভাতা পাচ্ছেন।

চলতি সপ্তাহে তারা জুন মাসের বেতন ইএফটির মাধ্যমেই পেতে পারেন।